



অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী প্রাণিসম্পদ অধিদপ্তরের ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর) পরিবীক্ষণ প্রতিবেদন

গত ২৯/০৯/২০২২খ্রি. তারিখ দুপুর ২.৩০ ঘটিকায় ২০২২-২৩ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা পরিবীক্ষণ করা হয় এবং পরিবীক্ষণের আলোকে গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নের ছকে উপস্থাপন করা হলো।

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	পরিবীক্ষণ	পরিবীক্ষণের আলোকে গৃহীত সিদ্ধান্ত
[১.১] অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপিল কর্মকর্তা তথ্য ওয়েবসাইটে এবং জিআরএস সফটওয়্যারে (প্রয়োজ্য ক্ষেত্রে) ত্রৈমাসিকভিত্তিতে হালনাগাদকরণ	[১.১.১] অনিক ও আপিল কর্মকর্তার তথ্য হালনাগাদকৃত এবং ওয়েবসাইটে আপলোডকৃত	প্রাণিসম্পদ অধিদপ্তরের ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত সেবাবক্সে আপলোডকৃত অনিক ও আপিল কর্মকর্তার তথ্য যাচাই করা হয়। যাচাইয়ে দেখা যায় যে, গত ৩০ জুন ২০২২খ্রি. তারিখে অনিক ও আপিল কর্মকর্তার তথ্য হালনাগাদ করা হয়েছে।	অনিক ও আপিল কর্মকর্তা অন্যত্র বদলী না হওয়ায় ২০২২-২৩ অর্থবছরের ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর) পর্যন্ত অপরিবর্তিত থাকবে। বিষয়টি পত্রের মাধ্যমে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়কে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।
[১.২] নির্দিষ্ট সময়ে অনলাইন/অফলাইনে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি	[১.২.১] অভিযোগ নিষ্পত্তিকৃত	জুলাই-সেপ্টেম্বর, ২০২২ মাস পর্যন্ত প্রাপ্ত অভিযোগ ও নিষ্পত্তির বিষয়টি যাচাই করা হয়। যাচাইয়ে দেখা যায় যে, ১ম ত্রৈমাসিক মোট ১২টি অভিযোগ পাওয়া গেছে এবং প্রাপ্ত অভিযোগ শতভাগ নিষ্পত্তি করা হয়েছে। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের উপসচিব প্রশাসন-১, মহোদয়কে অবহিত করা হয়েছে।	অভিযোগ রেজিস্টার অনুযায়ী ১ম ত্রৈমাসিকে প্রাপ্ত অভিযোগ ১২টি যার সবগুলোই নিষ্পত্তি করা হয়েছে।
[১.৩] অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ	[১.৩.১] প্রতিবেদন প্রেরিত	মাসিক প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত কার্যক্রম যাচাইয়ে দেখা যায় যে, জুলাই/২০২২ ও আগস্ট/২০২২ মাসের প্রতিবেদন প্রণয়ন ও ওয়েবসাইটের জিআরএস সেবাবক্সে আপলোড করা হয়েছে। সেপ্টেম্বর/২০২২ মাসের প্রতিবেদন পরবর্তী মাসের ১ম সপ্তাহে প্রেরণ করা হবে।	সেপ্টেম্বর/২০২২ মাসের প্রতিবেদন অক্টোবর/২০২২ মাসের ১ম সপ্তাহে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
[২.১] কর্মকর্তা/কর্মচারীদের অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ আয়োজন	[২.১.১] প্রশিক্ষণ আয়োজিত	প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা হয়।	প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ২টি হওয়ায় প্রাথমিকভাবে ২য় ও ৪র্থ ত্রৈমাসিকে ১টি করে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়
[২.২] ত্রৈমাসিকভিত্তিতে পরিবীক্ষণ এবং ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ	[২.২.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত	ত্রৈমাসিকভিত্তিক পরিবীক্ষণের অংশ হিসেবে ১ম ত্রৈমাসিকে গত ২৯/০৯/২০২২ তারিখ জিআরএস কর্মপরিকল্পনা পরিবীক্ষণ করা হয়।	পরিবীক্ষণ প্রতিবেদন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
[২.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন	[২.৩.১] সভা আয়োজিত	স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজনের বিষয়ে আলোচনা হয়	স্টেকহোল্ডারগণের অবহিতকরণ সভার লক্ষ্যমাত্রা ২টি হওয়ায় প্রাথমিকভাবে ২য় ও ৪র্থ ত্রৈমাসিকে ১টি করে সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।


 (জনাব মো: শামিম হোসেন)
 জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
 (লিভ, ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ)
 সংযুক্তি: আইসিটি শাখা
 ও
 সদস্য
 অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা পরিবীক্ষণ কমিটি


 (ডা. মো: মাহবুবুল আলম ভূঁঞা)
 উপপরিচালক, প্রশাসন
 ও
 সদস্য
 অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা পরিবীক্ষণ কমিটি


 (ডা. পল্লব কুমার দত্ত)
 উপপরিচালক, (মানব সম্পদ উন্নয়ন)
 ও
 আহবায়ক
 অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা পরিবীক্ষণ কমিটি